

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

নং-৪৬.০০.০০০০.০৬৩.১৪.০০৯.১৫-১৬৬৩

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
০৬ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

প্রেরক : মোঃ আবদুর রউফ মিয়া
উপ সচিব
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ।
৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয় : এলজিইডি কর্তৃক বাস্তবায়নধীন “পটুয়াখালী পৌরসভার যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন ও জলাবদ্ধতা দূরীকরণে সড়ক ও ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও উন্নয়ন প্রকল্প” (কোড-৫১৪৭) এর অনুকূলে ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে ১ম-৩য় কিস্তির অর্থ ছাড়করণ।

স্থানীয় সরকার বিভাগের ১৩.০১.২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০০৯.১৫-৪৪ নং সরকারি আদেশে অনুমোদিত থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে জিওবি বরাদ্দ হতে নিম্নরূপ অর্থ ছাড়ের সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি :

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ পিসিপি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
এলজিইডি, ৩৭৩১	“পটুয়াখালী পৌরসভার যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন ও জলাবদ্ধতা দূরীকরণে সড়ক ও ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও উন্নয়ন প্রকল্প”(কোড-৫১৪৭)	অনুমোদিত	১ম - ৩য়	২.২৫ লক্ষ	৩৭২.৭৫ লক্ষ	৩৭৫.০০ লক্ষ (তিন কোটি পঁচাত্তর লক্ষ) টাকা।

২। এ ব্যয় মঞ্জুরী নং-৩৩, এলজিইডি কোড-৩৭৩১, প্রকল্প কোড-৫১৪৭, “পটুয়াখালী পৌরসভার যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন ও জলাবদ্ধতা দূরীকরণে সড়ক ও ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও উন্নয়ন প্রকল্প” এর জন্য রক্ষিত চলতি অর্থ বছরের (২০১৫- ২০১৬) বাজেট বরাদ্দ হতে বহন করা হবে।

৩। উপর্যুক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। তবে শুদ্ধ মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত।

৪। বরাদ্দকৃত এ অর্থ অনুমোদিত প্রকল্প ছকে (পিপি) বর্ণিত খাতওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় কোনক্রমেই অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

৫। প্রকল্পে সরবরাহ ও সেবা, এবং মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন ইত্যাদি খরচের জন্য প্রকল্প পরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৬। প্রকল্প পরিচালক, পিপিতে বর্ণিত শর্তসাপেক্ষে রাজস্ব ও মূলধন ব্যয়ের আয়ন ব্যয়ন ও পরবর্তী ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।

৮। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৬ এর মধ্যে সমর্পণ করতে হবে।

৯। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

১০। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে ইহা জারী করা হ'ল।

১১। এই অর্থ ছাড়ে ০৫/০৬/২০১৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.৩১.১৫৫.২০১৬-৩১০ নং স্মারকে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা হয়েছে।

১২। অর্থ বিভাগের ২৭/০৩/২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১৪.০০৯.১৫-৩৩৮ নং স্মারকে জারীকৃত আদেশটি বাতিল বলে গণ্য হবে।

(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব
ফোন-৯৫১৪১৪২

নং-৪৬.০০.০০০০.০৬৩.১৪.০০৯.১৫-১৬৬৩/১৬৬

তারিখঃ ২৩ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
০৬ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ অতিরিক্ত সচিব, বাজেট-২)।
- ২। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, “পটুয়াখালী পৌরসভার যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন ও জলাবদ্ধতা দূরীকরণে সড়ক ও ড্রেনেজ ব্যবস্থা নির্মাণ ও উন্নয়ন প্রকল্প”, এলজিইডি, ঢাকা।
- ৫। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব